

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৯ সেপ্টেম্বর ২০১৩ সাইবার ক্রাইম ট্রাইব্যুনালের বিচারক জনাব এ কে এম শামসুল আলম মানবাধিকার কর্মী ও অধিকারের সেক্রেটারী আদিলুর রহমান খানের বিরুদ্ধে অভিযোগ গঠনের দিন ধার্য করেছিল। গত ১৭ সেপ্টেম্বর আদিলের আইনজীবী বিকেলে জানতে পারেন আদিলকে কাশিমপুর কারাগার হতে ঢাকা কেন্দ্রীয় কারাগারে আনা হতে পারে কারণ মহানগর দায়রা আদালতে পরিচালিত ট্রাইব্যুনাল ঢাকা কেন্দ্রীয় কারাগারের কাছাকাছি হবে।

১৮ সেপ্টেম্বর আদিলের আইনজীবী ও তাঁর পরিবার জানতে পারেন যে, ১৭ সেপ্টেম্বর রাতে বিচারক আদিলকে ঢাকা কেন্দ্রীয় কারাগারে না আনতে আদেশ দেন কারণ আদিলকে ১৯ সেপ্টেম্বর আদালতে হাজির করা হবে না। যদিও ফৌজদারী কার্যবিধি অনুযায়ী অভিযোগ গঠনের সময়ে আসামীকে আদালতে হাজির করতে হয় এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগগুলো শুনতে হয়।

১৯ সেপ্টেম্বর আদিলের কৌসুলিরা সাইবার ক্রাইম ট্রাইব্যুনালে উপস্থিত হয়ে জানতে পারেন মামলা পরিচালনার জন্য সরকার পক্ষের আইনজীবী এখন পর্যন্ত নিয়োগ দেয়া হয়নি। এটি উল্লেখ্য যে, গত ৪ সেপ্টেম্বর ডিবি পুলিশ একটি অভিযোগপত্র আদিলের আইনজীবীকে না জানিয়ে ট্রাইব্যুনালের বিচারকের কাছে জমা দেয় এবং আদিলের আইনজীবীরা জানতে পারেন এখন পর্যন্ত এই ব্যপারে কোন ট্রাইব্যুনাল গঠন করা হয়নি, বিচারকের নিজস্ব কোন কক্ষ নেই এমনকি ট্রাইব্যুনালের কোন কর্মচারীও নেই। এর পরেও ১৯ সেপ্টেম্বর শুনানীর দিন ধার্য করা হয়।

আদিলের আইনজীবী অভিযোগ করেন যে, এই ট্রাইব্যুনালে আদিলকে হয়রানি করা হচ্ছে। এখানে বিচার কার্য পরিচালনার জন্য অন্য আদালত থেকে আইনজীবী দেয়া যেতে পারত। সরকার পক্ষের আইনজীবী ছাড়া অভিযোগপত্র পড়া বা এই ব্যপারে যুক্তি উপস্থান করা সম্ভব নয়। যে কারণে ট্রাইব্যুনালের বিচারক এই মামলার অভিযোগ গঠনের পরবর্তী দিন ২৫ সেপ্টেম্বর ধার্য করেন। তিনি ঐদিন আদিলকে আদালতে হাজির করবার আদেশ দেন।